# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 27-09-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) শারদীয়া দুর্গোৎসবের আজ পঞ্চমী। তবে, পঞ্জিকা অনুযায়ী সন্ধ্যায় তিথি পড়ে যাওয়ায় বিভিন্ন জায়গায় চলছে দেবীর বোধন। মন্ডপে মন্ডপে দর্শনার্থীদের জনজোয়ার

এদিকে, সন্তোষ মিত্র স্কোয়ারের পুজো লাইট অ্যান্ড সাউন্ড শো নিয়ে বিতর্ক শুরু হওয়ায় চক্রান্তের অভিযোগ তুলেছেন বিজেপি কাউন্সিলার সজল ঘোষ।

২) কলকাতা ও লাগোয়া শহরতলীর ১১৩-টি পুজো এবছর রাজ্য সরকারের বিশ্ববাংলা শারদ সম্মান পাচ্ছে। জেলাগুলির শারদ সম্মান প্রাপকদের তালিকা প্রকাশিত হয়েছে।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৪) চন্দননগরে ঠাকুর আনতে গিয়ে পথ দুর্ঘটনায় তিনজনের মৃত্যু।

৫) পুজোর মধ্যে ষষ্ঠী পর্যন্ত দক্ষিণবঙ্গে কোথাও ভারী বৃষ্টির সম্ভাবনা নেই বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে।

oooooooooooooooooooooooo

শারদীয়া দুর্গোৎসবের আজ পঞ্চমী। তবে, পঞ্জিকা অনুযায়ী সন্ধ্যায় তিথি পড়ে যাওয়ায় বিভিন্ন জায়গায় চলছে দেবীর বোধন। বেলুড় মঠেও সন্ধে থেকে বোধন উপলক্ষে চলছে বিশেষ পূজার্চনা।

এদিকে, কলকাতা সহ গোটা বাংলা মেতেছে উৎসবের আমেজে। মহানগরীর রাস্তায় এখন দর্শনার্থীদের ঢল। উত্তর থেকে দক্ষিণ সাবেকীয়ানার পাশাপাশি থিমের পুজো দেখতে দর্শনার্থীরা উন্মুখ।

অন্যদিকে, উত্তর কলকাতার সন্তোষ মিত্র স্কোয়ারে পুজোকে ঘিরে তৈরি হয়েছে বিতর্ক। আমাদের প্রতিনিধি অভিরূপ ভট্টাচার্য – এই মুহূর্তে রয়েছেন, সন্তোষ মিত্র স্কোয়ারে। আমরা সরাসরি চলে যাবো তাঁর কাছে।

অভিরূপ তোমার ওখানকার সর্বশেষ পরিস্থিতি কি ?

(ইনসার্ট – লাইভ)

ধন্যবাদ অভিরূপ ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, সন্তোষ মিত্র স্কোয়ারের পুজো, চক্রান্ত করে বন্ধ করে দেওয়ার চেষ্টা চলছে বলে পূজোর উদ্যোক্তা ও বিজেপি কাউন্সিলর সজল ঘোষ অভিযোগ করেছেন। কলকাতায় আজ সাংবাদিক বৈঠকে তিনি প্রশাসনের বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ তোলেন।

(বাইট – সজল ঘোষ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা ও লাগোয়া শহরতলীর ১১৩-টি পুজো এবছর রাজ্য সরকারের বিশ্ববাংলা শারদ সম্মান পাচ্ছে। তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন আজ এক সাংবাদিক বৈঠকে পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা করেন। সেরার সেরা,সেরা সাবেকি, সেরা মন্ডপ, সেরা প্রতিমা, সেরা ভাবনা,পরিবেশবান্ধব ও বিশেষ বিভাগে এই পুজো গুলিকে সম্মানিত করা হয়েছে। আগামী পাঁচই অক্টোবর রাজ্য সরকারের পুজো কার্নিভালে এই কমিটিগুলি অংশ নেবে।

আজই জেলার সেরা পুজো গুলিরও তালিকা প্রকাশ করা হয়েছে বলে ইন্দ্রনীলবাবু জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৬-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সেবা ও সুশাসন অর্থাৎ জনসেবা ও সুশাসনের মন্ত্রে পরিচালিত হয়ে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ ধারাবাহিক - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি যে কীভাবে মোদী সরকার 'এক ভারত, শ্রেষ্ঠ ভারত' উদ্যোগের মাধ্যমে বৈচিত্র্যের মধ্যে ঐক্যের চেতনা, সংস্কৃতি, ঐতিহ্য এবং মানুষে মানুষে বন্ধনকে শক্তিশালী করেছে। আমাদের প্রতিনিধি অভিজিৎ চক্রবর্তীর একটি প্রতিবেদন ।

(ক্যাপসুল- অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

হুগলীর চন্দননগরের পটুয়াপাড়া থেকে ঠাকুর আনতে গিয়ে এক পথ দুর্ঘটনায় তিনজনের মৃত্যু হয়েছে। জানা গেছে, পোলবার শঙ্করবাটী গ্রামে একটি বারোয়ারী পুজো কমিটির পক্ষ থেকে দুর্গা প্রতিমা আনতে বেশ কয়েকজন গতরাতে চন্দননগর গিয়েছিলেন। ঠাকুর নিয়ে ট্রাকটি গ্রামে পৌঁছে গেলেও, অন্য গাড়িতে থাকা ৬ জন দুর্ঘটনার কবলে পড়েন। চন্দননগর রেল ওভার ব্রীজ থেকে নামার সময় রাস্তার পাশে

থাকা ইটেস্তুপে সজোরে গাড়িটি ধাক্কা মারলে, ঘটনাস্থলে ২ জনের মৃত্যু হয়। পরে চুচূড়া ইমামবাড়া হাসপাতালে আরও একজন প্রাণ হারান। আহতদের মধ্যে একজনের অবস্থা গুরুতর হওয়ায় তাকে এসএসকেএম হাসপাতালে পাঠানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার সোদপুর উড়ালপুলের ওপর বেসরকারী ব্যাঙ্কের গাড়ির সঙ্গে অটোর মুখোমুখি সংঘর্ষে দুই যাত্রীর মৃত্যু হয়েছে। আজ দুপুরে এই বিপত্তি ঘটলে উড়ালপুলের ওপর বেশ কিছুক্ষণ যান চলাচল বন্ধ থাকে। মৃত দুই ব্যক্তি অটোর যাত্রী। আরও একজনের হাসপাতালে চিকিৎসা চলছে। পুলিশ এই ঘটনায় তিনজনকে আটক করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতায় গত সোমবার ভোররাতের প্রবল বৃষ্টিতে জমা জলে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে আজ আরও একজনের মৃত্যু হয়েছে। স্থানীয় বাসিন্দা ৬২ বছরের সুমন্তী দেবী দক্ষিণ কলকাতার সরশুনার ক্ষুদিরাম পল্লিতে জমা জলের মধ্যে দাঁড়িয়ে দোকানের শাটার খুলতে গিয়ে বিদ্যুতস্পৃষ্ট হন। তাকে বাঁচাতে গিয়ে আহত হন আরো দুজন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার সোনারপুরের সুভাষ পার্ক থার্ড লেনের শান্তি সংঘ ক্লাবে আজ পুজো প্যান্ডেলে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে এক শ্রমিকের মৃত্যু হয়েছে। ৩৬ বছর বয়সী বিশ্বজিৎ সাহা সেই সময় প্যান্ডেলে বিদ্যুতের কাজ করছিলেন।

দ্রুত তাঁকে উদ্ধার করে সুভাষগ্রাম গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পুজোর মধ্যে ষষ্ঠী পর্যন্ত দক্ষিণবঙ্গে কোথাও ভারী বৃষ্টির সম্ভাবনা নেই। তবে, বিক্ষিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে বলে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায়।

(বাইট – সৌরিশ)

বঙ্গোপোসাগরে সৃষ্ট নিম্নচাপটি দক্ষিণ ওড়িশা এবং দক্ষিণ ছত্তিশগড়ে অবস্থান করছে। যদিও সপ্তমী এবং অষ্টমিতেও কোথাও কোথাও হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে।

তবে ৩০ তারিখ আবারও একটি ঘূর্ণাবর্ত তৈরি হওয়ার সম্ভাবনা এবং পরবর্তীকালে তা নিম্নচাপে পরিণত হতে পারে বলে তিনি জানান। এর ফলে দশমীতে দক্ষিণবঙ্গে আবারো ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের জেরে পুজোর দিনগুলিতে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ঝড় বৃষ্টির পূর্বাভাষ থাকায় রাজ্য সরকার সব জেলা প্রশাসনকে সতর্ক থাকার নির্দেশ দিয়েছে। মালদা, মুর্শিদাবাদ সহ বিভিন্ন জেলার নদীর জলস্তর নিয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসনকে প্রতিদিন দু-বার করে নবান্নে কন্ট্রোল রুমে রিপোর্ট পাঠানোর কথা বলা হয়েছে। পরিস্থিতি বুঝে জরুরী তহবিল থেকে খরচ করার জন্যে অর্থ দপ্তর সব জেলা প্রশাসনকেও সবুজ সংকেত দিয়েছে।

এদিকে উৎসবের দিনগুলিতে কোনো রকম অপ্রীতিকর ঘটনা এড়াতে রাজ্য সরকার ইতিমধ্যেই পুলিশ, সেচ, বিদ্যুৎ, বিপর্যয় মোকাবিলা,জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের কর্মী, আধিকারিকদের ছুটি বাতিল করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

চলতি দুর্গাপুজোয় যাত্রীদের সুবিধার্থে পূর্ব রেলের হাওড়া ডিভিশন আগামী ২৯ সেপ্টেম্বর রাত থেকে পয়লা অক্টোবর রাত পর্যন্ত শহরতলী ব্যান্ডেল, তারকেশ্বর, এবং বর্ধমান ( ভায়া মেন এবং কর্ড লাইনে) মোট আটটি অতিরিক্ত EMU স্পেশাল ট্রেন

চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ট্রেনগুলি রাত পৌনে একটা থেকে পৌনে দুটোর মধ্যে ছাড়বে।

এছাড়া, দুর্গা পুজা উপলক্ষ্যে আগামী ২৯, ৩০ সেপ্টেম্বর ও পয়লা, দোসরা অক্টোবর, লক্ষ্মী পুজোর জন্য আগামী ৬ ই অক্টোবর, এবং কালীপূজা উপলক্ষ্যে আগামী ২০ অক্টোবর বিকেল ৩ টে পর্যন্ত হাওড়া ডিভিশনের সমস্ত EMU লোকাল রবিবারের সময় সূচি অনুসারে চলবে বলে রেল সূত্রের খবর।

oooooooooooooooooooooo

বাংলার নবজাগরণের পথিকৃৎ রাজা রামমোহন রায়ের প্রয়াণ বার্ষিকীটি আজ রাজ্য জুড়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালন করা হচ্ছে। এই উপলক্ষে রাজ্য সরকারের তরফে কলকাতা ময়দানে রামমোহন রায়ের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান রাজ্য মন্ত্রিসভার সদস্য চন্দ্রিমা ভট্টাচার্য। নবান্নেও তার ছবিটি মালা দিয়ে শ্রদ্ধা জানানো হয়। রামমোহন রায়ের প্রয়াণ বার্ষিকীতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি শ্রদ্ধা জানিয়েছেন।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo